গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ১৫৬-আইন/আয়কর-৩১/২০২৪।- জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে বেসরকারী প্রতিষ্ঠানের স্বীকৃত ভবিষ্য তহবিল (Recognized Provident Fund), অনুমোদিত আনুতোষিক তহবিল (Approved Gratuity Fund), অনুমোদিত বার্ধক্য তহবিল (Approved Superannuation Fund) এবং অনুমোদিত পেনশন তহবিল (Approved Pension Fund) কর্তৃক অর্জিত আয়ের উপর করহার, শর্ত সাপেক্ষে, হ্রাস করিয়া ১৫% নির্ধারণ করিল, যথা:-

শর্ত

বর্ণিত তহবিলসমূহকে আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (৫) এবং (৬) সহ অন্যান্য বিধানাবলি পরিপালন করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন ০১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com